গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নম্বর: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৫.২৪-৫৪২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

বিষয়: বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।

সূত্র: প্রকবৈকম এর আ.স. পত্র নম্বর-৪৯.০০.০০০০.০০১.৯৯.০০২.২৬-৬১, তারিখ: ০১-০৬-২০২৬খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার আগামী ৫ বছরে বিপুল সংখ্যক কর্মীর কর্মসংস্থানের প্রতিশ্রুতি ব্যক্ত করেছে। এ লক্ষ্যে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ এবং নিরাপদ ও ন্যায়সঙ্গত অভিবাসন নিশ্চিত করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের কল্যাণে বহুমুখী কার্যক্রম পরিচালনা করে থাকে। বোর্ডের ঢাকাস্থ কেন্দ্রীয় অফিস বা নিকটস্থ প্রবাসী কল্যাণ সেন্টারে যোগাযোগ করে যে কোনো সেবা গ্রহণ করতে পারে। প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের কল্যাণে বোর্ড প্রদত্ত সেবা কার্যক্রমের বহুল প্রচারের নিমিত্ত ইমাম, পুরোহিত ও অন্যান্য ধর্মীয় নেতাগণ বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ইত্যাদি ধর্মীয় সমাবেশে এ বিষয়ে প্রচারণায় জনগণ উপকৃত হবেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

০৮/০৬/২৬

(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
পরিচালক (প্রশাসন)
০২-২২২২২৩২৪৭ (অফিস)
d.ad@wewb.gov.bd

সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)।

অনুলিপি:

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিষ্ট/উপপরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৮। অফিস নথি।

CamScanner